

# মেধা চর্চার পাশাপাশি নৈতিকভাবে আলোকিত হতে হবে: জাবি উপাচার্য

জাবি প্রতিনিধি

২৫ নভেম্বর ২০২৫, ০৫:১৪ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) উপাচার্য অধ্যাপক কামরুল আহসান বলেন, ‘বিশ্ববিদ্যালয়ে যারা ভর্তি হয়েছে তোমরা মেধাবী মানুষ। মেধা চর্চার পাশাপাশি নৈতিকভাবে আলোকিত মানুষ হতে হবে।’

মঙ্গলবার (২৫ নভেম্বর) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে বিশ্ববিদ্যালয়ের ৫৪ ব্যাচের (২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ) নবীন শিক্ষার্থীদের প্রবেশিকা অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক কামরুল আহসান বলেন, ‘আমাদের ছাত্র-জনতা তাদের জীবন দিয়ে দেশের অন্যায়ের বিরুদ্ধে দাঁড়িয়েছে এবং তারা দেখিয়েছে যে-তারা স্বপ্নের বাংলাদেশ গড়তে চায়। এই বিশ্ববিদ্যালয়ে তোমাদের সকলের জন্য রয়েছে অপার সম্ভাবনার হাতছানি। তোমরা উন্মোচন করবে নতুন দিগন্ত, যেখানে তোমরা শিক্ষা, গবেষণা ও সৃজনশীলতার মাধ্যমে আত্ম-উন্নয়ন করবে। পাশাপাশি তোমরা সকলে মিলে মানবিক মূল্যবোধ, সামাজিক দায়িত্ববোধ এবং নৈতিকতার চেতনাও অর্জন করবে। তোমার আত্ম-উন্নয়নের অব্যাহত সুযোগ রয়েছে।’

অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীরা তাদের অনুভূতি প্রকাশ করেন, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ তাদের স্ব-স্ব অনুষদের শিক্ষার্থীদের বরণ করে নেন এবং উপাচার্য শিক্ষার্থীদের শপথ বাক্য পাঠ করান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান, বিশেষ অতিথি উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহফুজুর রহমান, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সোহেল আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আবদুর রব, বিভিন্ন অনুষদ ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ,

জাকসুর নেতৃবৃন্দসহ নবীন শিক্ষার্থীরা।

আমাদের সময়/এফএম